গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : জেলা মানবিক সহায়তা কমিটির সভার কার্যবিবরণী।
সভাপতি : মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, কুড়িগ্রাম।
তারিখ : ১৯/০২/২০২৩ খ্রিঃ, সময়ঃ- সকাল-১০.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট ''ক'')

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান, কুড়িগ্রাম জেলা ০৯টি উপজেলায় ৭৩টি ইউনিয়ন ও ০৩টি পৌরসভা নিয়ে গঠিত। জেলাটি উত্তরবঙ্গের একটি দরিদ্রপীড়িত ও ১৬টি নদ-নদী ও চরবেষ্টিত একটি পশ্চাৎপদ জেলা। এছাড়া কুড়িগ্রাম জেলা একটি শীতপ্রবন এলাকা। ইতোমধ্যে এ জেলায় শীতের প্রভাব কিছুটা কমে গেছে। প্রতিবছরের ন্যায় এবারও শীত মৌসুমে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ভান্ডার হতে ৩৮,০০০ পিস কম্বল এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা হতে ১৬,৫০০ পিস কম্বল বরাদ্দ পাওয়া গিয়েছে। যা উপজেলা/পৌরসভাওয়ারি নিম্নরূপভাবে উপবরাদ্দ প্রদান করা হয়েছে:-

| ক্রঃ নং | উপজেলা/পৌরসভার নাম | ইউনিয়ন/ পৌরসভার সংখ্যা | কম্বল উপবরাদ্দের পরিমাণ (পিস) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ভূরুঙ্গামারী | ১০ | ৫০০০ | |
| ২ | নাগেশ্বরী | ১৫ | ৭৫০০ | পৌরসভাসহ |
| ৩ | ফুলবাড়ী | ০৬ | ৩০০০ | |
| ৪ | কুড়িগ্রাম সদর | ০৯ | ৪৫০০ | পৌরসভাসহ |
| ৫ | রাজারহাট | ০৭ | ৩৫০০ | |
| ৬ | উলিপুর | ১৪ | ৭০০০ | পৌরসভাসহ |
| ৭ | চিলমারী | ০৬ | ৩০০০ | |
| ৮ | রৌমারী | ০৬ | ৩০০০ | |
| ৯ | রাজিবপুর | ০৩ | ১৫০০ | |
| | মোট= | ৭৬ | ৩৮০০০ | |

| ক্রঃ নং | উপজেলা/পৌরসভার নাম | কম্বল উপবরাদ্দের পরিমাণ (পিস) | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ভূরুঙ্গামারী | ৭৫০ | |
| ২ | নাগেশ্বরী | ১০০০ | |
| ৩ | ফুলবাড়ী | ৪৫০ | |
| ৪ | কুড়িগ্রাম সদর | ৪০০ | |
| ৫ | রাজারহাট | ৫০০ | |
| ৬ | উলিপুর | ১০০০ | |
| ৭ | চিলমারী | ৪০০ | |
| ৮ | নাগেশ্বরী পৌরসভা | ২০০ | |
| ৯ | কুড়িগ্রাম পৌরসভা | ২০০ | |
| ১০ | উলিপুর পৌরসভা | ৩০০ | |
| | মোট= | ৫২০০ | |

এছাড়া, জেলা প্রশাসক মহোদয় কর্তৃক ৭,৮০০ পিস কম্বল বিভিন্ন সংগঠন (প্রতিবন্ধী, হোটেল শ্রমিক, লেবার, মাঝি, হরিজন সম্প্রদায়সহ) বিভিন্ন দুঃস্থ অসহায় ব্যক্তির মাঝে বিতরণ করা হয়েছে।

২। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৬.২০.১০১.২২-১৪৯ তারিখঃ ০৬/০২/২০২৩ খ্রি. মাধ্যমে জনাব এম এ মতিন, মাননীয় সংসদ সদস্য, কুড়িগ্রাম-০৩ এর অনুকূলে ১,৫০০ (একহাজার পাঁচশত) পিস কম্বল বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দকৃত ১,৫০০ (একহাজার পাঁচশত) পিস কম্বল জনাব এম এ মতিন, মাননীয় সংসদ সদস্য, কুড়িগ্রাম-০৩ এর অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রামের অনুকূলে উপবরাদ্দ প্রদান করা হয়েছে।

চলমান/০২

(ঙ) ঢেউটিন (বান্ডিল):-

| ক্র: নং | প্রাপ্ত বরাদ্দ (বান্ডিল ও টাকা) | ১৫-০১-২০২৩ তারিখে মজুদ | বিতরণ (১৬-০১-২০২৩ খ্রি. হতে ১৮-০২-২০২৩ খ্রি. পর্যন্ত) | ১৯-০২-২০২৩ তারিখে মজুদ | উপকারভোগী (পরিবার সংখ্যা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ৪০০ বান্ডিল ও ১২,০০,০০০/- | ৩১৮ বান্ডিল ৯,৫৪,০০০/- | ৫৯ বান্ডিল ১,৭৭,০০০/- | ২৫৯ বান্ডিল ৭,৭৭,০০০/- | ৩০ টি | অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তসহ দুঃস্হ, অসহায় ও প্রতিবন্ধি পরিবারের মাঝে বিতরণ |

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলোঃ

১। বরাদ্দকৃত কম্বল প্রকৃত গরীব ও দুঃস্থ মানুষের মাঝে "মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-২০১৩" অনুসরণপূর্বক বিতরণ করে প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

**২। বরাদ্দকৃত কম্বল বিতরণের ক্ষেত্রে ষাটোর্ধ ব্যক্তি ও প্রতিবন্ধীদের অগ্রাধিকার দিতে হবে।**

পরিশেষে সভাপতি শীত মৌসুমে শীতার্ত মানুষের পাশে দাঁড়ানোর জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(২০-০২-২০২৩ খ্রি.)
(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
ও
সভাপতি, জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
কুড়িগ্রাম।
ফোন- ০২৫৮৯৯৫০০২২ (অঃ)
ই-মেইল dckurigram@mopa.gov.bd

স্মারক নং- ৫১.০১.৪৯০০.০০০.০৬.০০১২.২৩-১১৭ তারিখঃ- ২০/০২/২০২৩ খ্রিঃ।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৭। সিভিল সার্জন, কুড়িগ্রাম।
৮। মেয়র, কুড়িগ্রাম/নাগেশ্বরী/উলিপুর পৌরসভা, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),................................... কুড়িগ্রাম।
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল),...................................... কুড়িগ্রাম।
১১। সহকারী কমিশনার, আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (তাকে বর্ণিত কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
১২। জেলা তথ্য অফিসার, কুড়িগ্রাম।
১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)............................কুড়িগ্রাম।
১৪। ................................................................কুড়িগ্রাম।
১৫। অফিস নথি।

২০.০২.২০২৩
(মোঃ আব্দুল হাই সরকার)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ও
সদস্য সচিব
জেলা মানবিক সহায়তা কমিটি কুড়িগ্রাম।
ফোন নং- ০২৫৮৯৯৫০১৫৩
ই-মেইল drro.kurigram@gmail.com